


## ডিভাইস স্থাপন ও সংখ্যা

স্মোক অ্যালার্ম: NYC এর আইন অনুসারে বাড়ির মালিকদেরকে প্রতিটি শোবার ঘরের বাইরে স্মোক অ্যালার্ম লাগাতে হবে; সেগুলি ঘরে প্রবেশদ্বারের থেকে 15 ফুটের মধ্যে থাকতে হবে। (নতুন ভবনগুলিতে প্রতিটি শোবার ঘরের বাইরে একটি



অ্যালার্ম থাকা আবশ্যিক।) বেসমেন্টগুলিতেও স্মোক অ্যালার্ম লাগানোর পরামর্শ দেন।

কার্বন মনোক্সাইড অ্যালার্ম: শিল্প বিশেষজ্ঞেরা বাড়ির প্রতিটি তলায় কার্বন মনোক্সাইড অ্যালার্ম লাগানোর পরামর্শ দেন - বিশেষ করে যে তলায় জ্বালানীর অ্যাপ্লায়েন্স ও বাইরে শোবার জায়গা আছে। তাই, অ্যালার্মের সমন্বয় আপনার স্মোক অ্যালার্মের অবস্থানের আবশ্যিকতার পাশাপাশি কার্বন মনোক্সাইডের অবস্থানের আবশ্যিকতা পূরণ করতে পারে। ডিভাইসটি লাগানোর উচ্চতা স্থির করার জন্য প্রস্তুতকারকের নির্দেশনা অনুসরণ করুন।

### ডিভাইসের উপরে কখনো রঙ

5

ডিভাইসের প্রস্তুতকারকের উপর নির্ভর করে এই রোশারের ফ্রিকোয়েন্সিগুলি পরিবর্তিত হতে পারে।

## যদি আপনার বাড়িতে ধোঁয়া বা কার্বন

### মনোক্সাইড তৈরীর পরিস্থিতি ঘটে তাহলে:

1. যেখানে আগুন লেগেছে সেই ঘরের দরজা বন্ধ করে অ্যাপার্টমেন্ট ছেড়ে বেড়িয়ে যান।
2. নিশ্চিত করুন যে আপনার সঙ্গে সকলেই অ্যাপার্টমেন্ট থেকে বেড়িয়ে এসেছে।
3. আপনার চাবিগুলি নিয়ে নিন।
4. অ্যাপার্টমেন্টের দরজা বন্ধ করবেন তালা দেবেন না।
5. আপনার তলে বাহিরপথের রাস্তায় অন্যদের দরজায় আঘাত দিয়ে সতর্ক করুন।
6. বিল্ডিং থেকে বের হতে কাছাকাছি সিঁড়ি ব্যবহার করুন।
7. লিফ্ট ব্যবহার করবেন না।
8. নিরাপদ স্থানে পৌঁছে 911 তে একটা ফোন করুন। দমকল কর্মীরা দুর্ঘটনা স্থলে না আসা অবধি নিশ্চিত হবেন না যে আগুন লাগার ঘটনা জানানো হয়েছে।
9. বিল্ডিংয়ের বাইরের আগে থেকে ঠিক করা জায়গায় আপনার পরিবারের সদস্যদের সাথে মিলিত হোন। কেউ না জানিয়ে থাকলে আপনি দমকলে খবর দিন।

### এইসব ডিভাইস আপনার বাড়িতে লাগানোর দায়িত্ব কার?

বাড়ির মালিকদের দায়িত্ব আপনাদের বাড়িতে স্মোক ও কার্বন মনোক্সাইড অ্যালার্ম লাগানো।

### প্রশ্ন?

স্মোক ও কার্বন মনোক্সাইড অ্যালার্ম সংক্রান্ত কোনো প্রশ্নের জন্য অনুগ্রহ করে FDNY Field Public Operation Support (ফিল্ড পাবলিক অপারেশন সাপোর্ট) ইউনিটের এর 718-999-2541 নম্বরে ফোন করুন

6



## স্মোক ও কার্বন মনোক্সাইডের অ্যালার্ম



ডিভাইসের প্রস্তুতকারকের উপরের নির্ভর করে পুনরাবৃত্তি হার ভিন্ন হতে পারে।

FDNY

Bureau of Fire Prevention

[www.nyc.gov/fdny](http://www.nyc.gov/fdny)

Bengali

1

## ভূমিকা

স্মোক ও কার্বন মনোক্সাইড অ্যালার্ম আপনার বাড়ির একটি গুরুত্বপূর্ণ অংশ। আবাসন চত্বরে আগুন প্রায়ই লাগে এবং এই বিপর্যয়ের ফলে সম্পত্তি নষ্ট হয় এমনকি জীবন হানীও। সাধারণভাবে, বাড়ির মালিকদেরকে অন্তত একটি অনুমোদিত স্মোক ও কার্বন মনোক্সাইড অ্যালার্ম প্রতিটি বাসিন্দার জন্য দিতে হবে এবং কিভাবে তা পরীক্ষা করতে ও রক্ষণাবেক্ষণ করতে হবে তা লিখিতভাবে জানাতে হবে। আপনার বাড়িতে স্মোক ও কার্বন মনোক্সাইড অ্যালার্ম সঠিকভাবে ইনস্টল করা আছে এবং কার্যকরী তা নিশ্চিত করতে এই প্রচারপত্রে গুরুত্বপূর্ণ নিরাপত্তা তথ্য রয়েছে। ধোঁয়া, আগুন ও কার্বন মনোক্সাইডের সনাক্ত হলে কাজ করছে এমন স্মোক ও কার্বন মনোক্সাইড ডিভাইস আপনাকে ও আপনার পরিবারকে সতর্ক করবে।

## বাড়ির নিরাপত্তার ডিভাইস

**স্মোক অ্যালার্ম:** স্মোক অ্যালার্ম হল একটি ডিভাইস যা ধোঁয়া সনাক্ত করে, আগুন লাগার ইঙ্গিত দেয়।

- National Fire Protection Association, NFPA (জাতীয় অগ্নি সুরক্ষা সমিতি) এর মতে প্রস্তুতকারকের নির্দেশনা অনুসারে আপনার স্মোক অ্যালার্ম পরীক্ষা করতে হবে, তবে সম্ভব হলে অন্তত মাসে একবার পরীক্ষা করা ও বছরে একবার ব্যাটারি পালটানো উচিত।
- টেস্ট বোতাম টিপে ব্যাটারি পরীক্ষা করুন।
- সুপারিশ মতো, যখন আপনার স্মোক অ্যালার্ম নির্দেশ দেয় যে ব্যাটারি কম আছে তাই বসন্তে বা হেমন্তে ব্যাটারি পাল্টান।
- প্রস্তুতকারক নির্দেশনা অনুসারে ডিভাইসে পাল্টান অন্তত প্রতি 7-10 বছর অন্তর একবার।

**কার্বন মনোক্সাইড অ্যালার্ম।** কার্বন মনোক্সাইড হল একটি অদৃশ্য, গন্ধহীন বিষাক্ত গ্যাস। এটা বাতাসের থেকে হালকা, কার্বন মনোক্সাইড অ্যালার্ম কার্যকরী তখনই যখন দেওয়ালের উপর দিকে বা সিলিংয়ে লাগানো থাকে। NYC আইন অনুসারে বাড়ির মালিকদের স্মোক অ্যালার্মের একই স্থানে কার্বন মনোক্সাইড লাগাতে হবে।

- সমন্বিত স্মোক/কার্বন মনোক্সাইড অ্যালার্ম ব্যবহার করা যেতে পারে।
- NFPA এর মতে কার্বন মনোক্সাইড অ্যালার্ম মাসে একবার পরীক্ষা করতে হবে এবং প্রস্তুতকারকের নির্দেশ অনুসারে এইসব ডিভাইস পাল্টাতে হবে।
- ব্যাটারি পাল্টানের জন্য প্রস্তুতকারকের নির্দেশ অনুসরণ করুন।

সাধারণ স্মোক ও  
কার্বন মনোক্সাইড  
অ্যালার্মের  
উদাহরণ।



## হার্ডওয়্যার ও

### ব্যাটারি চালিত ডিভাইসের মধ্যে পার্থক্য কি?

হার্ডওয়্যার স্মোক ও কার্বন মনোক্সাইডের অ্যালার্ম আপনার বাড়ির ইলেক্ট্রিক্যাল গ্রিডে তার যুক্ত থাকে। সাধারণত এইসব অ্যালার্মের ব্যাকআপ ব্যাটারি থাকে তাই বিদ্যুত চলে গেলেও সমস্যা নেই।

ব্যাটারি চালিত ডিভাইসের সুবিধা হল সিলিং ও হার্ডওয়্যার ইউনিটের বিপরীতের দেওয়ালে যেকোনো জায়গায় লাগানো যেতে পারে।

## স্মার্ট অ্যালার্ম



স্মার্ট ডিভাইসের উদাহরণ।

স্মার্ট স্মোক ও কার্বন মনোক্সাইড অ্যালার্মও পাওয়া যায়। স্মার্ট অ্যালার্ম ও চিরাচরিত অ্যালার্মগুলির মধ্যে পার্থক্য হল স্মার্ট অ্যালার্ম যা নিজের মতো করে ডায়াগনস্টিক করে। সেগুলি ঠিক মতো কাজ করছে কিনা ও আপনার হোম অটোমেশনের অ্যাপের সঙ্গে সিঙ্ক করে যাতে আপনি দূর থেকে নিরীক্ষণ করতে পারেন।

### কোথায় এইসব ডিভাইসগুলি কেনা যাবে?

স্মোক ও কার্বন মনোক্সাইড অ্যালার্মগুলি Home Depot বা Lowes এর ন্যায় যেকোনো হোম সেন্টার থেকে কেনা যেতে পারে।